



Public Health
England

NHS

কোভিড-19 এর টিকাদানের নির্দেশিকা সকল সন্তান ধারণক্ষম মহিলা, যারা বর্তমানে গর্ভবতী বা সন্তানকে বুকের দুধ খাওয়াচ্ছেন

**আপনার টিকাদানের জন্য যাওয়ার আগে আপনার অবশ্যই
এটা পড়া উচিত**

যুক্তরাজ্যে উপলব্ধ কোভিড-19 টিকাগুলোকে ক্লিনিক্যাল পরীক্ষায় নিরাপদ এবং কার্যকর দেখানো হয়েছে এবং এদের সুরক্ষা প্রোফাইলও ভালো। আর্লি কোভিড-19 টিকাগুলোতে অর্গানিজম থাকে না যা শরীরে বংশ বৃদ্ধি করতে পারবে, তাই এগুলো আপনার গর্ভে অনাগত শিশুকে সংক্রামিত করতে পারবে না।

**অনেক টিকা গর্ভাবস্থায় নিরাপদে
দেওয়া যেতে পারে তাহলে
আমাকে কেন এই টিকা গ্রহণ
করার বিরুদ্ধে পরামর্শ দেওয়া
হচ্ছে?**

টিকাগুলোকে এখনও গর্ভাবস্থায় পরীক্ষা করা হয়নি, সুতরাং আরও তথ্য না পাওয়া পর্যন্ত গর্ভবতী মহিলাদের নিত্যভাবে এই টিকা গ্রহণ করা উচিত নয়। গর্ভাবস্থায় কোনও ক্লিনিক্যাল স্টাডি শুরু হওয়ার আগে নন-ক্লিনিক্যাল তথ্যপ্রমাণের প্রয়োজন রয়েছে এবং তার আগে গর্ভাবস্থায় নিত্যভাবে টিকা না দেওয়ার পরামর্শ দেওয়া খুবই সাধারণ কথা।

Pfizer BioNTech টিকার নন-ক্লিনিক্যাল স্টাডিগুলো থেকে তথ্যপ্রমাণ গ্রহণ করা হয়েছে এবং মেডিসিনস অ্যান্ড হেলথকেয়ার

প্রোডাক্টস রেগুলেটরি অ্যাড্জেলি (এমএচআরএ) কর্তৃক এগুলোর পর্যালোচনা করা হয়েছে। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন এবং আমেরিকা, কানাডা ও ইউরোপ-এর নিয়ন্ত্রক সংস্থাগুলো দ্বারা ও এই তথ্যপ্রমাণের পর্যালোচনা করা হয়েছে এবং গর্ভাবস্থায় সুরক্ষা সম্পর্কিত কোনও উদ্বেগ প্রকাশ করা হয়নি।

Astra-Zeneca কোভিড-19 টিকার নন-ক্লিনিক্যাল স্টাডিতেও কোনও উদ্বেগ প্রকাশ করা হয়নি।



কোভিড-19 এর টিকাদান

নিজেকে রক্ষা করুন।





জয়েন্ট কমিটি অন ভ্যাকসিনেশন অ্যান্ড ইমিউনাইজেশন (জেসিভিআই) এই কথা জানতে পেরেছে যে কিছু গর্ভবতী মহিলাদের জন্য টিকাদানের সম্ভাব্য লাভগুলো বিশেষভাবে গুরুত্বপূর্ণ। এতে সেই সকল মহিলারা অন্তর্ভুক্ত রয়েছেন যাদের সংক্রমণে আক্রান্ত হওয়ার অতি উচ্চ ঝুঁকি আছে অথবা তারা যাদের চিকিৎসাগত সমস্যা আছে যার কারণে তাদের কোভিড-19-এর থেকে গুরুতর জটিলতায় ভোগার ঝুঁকি বেড়ে যায়।

এই সকল পরিস্থিতিতে, আপনার অবশ্যই নিজের ডাক্তার বা নার্সের সঙ্গে টিকাদানের বিষয়ে আলোচনা করা উচিত এবং আপনি হয়তো মনে করতে পারেন যে টিকা নিয়ে তার সুরক্ষা গ্রহণ করা আপনার জন্য বেশি ভালো হবে।

সন্তানকে বুকের দুধ খাওয়াছেন

সন্তানকে বুকের দুধ খাওয়া বা বুকের দুধ পান করছে সেই শিশুর ক্ষেত্রে কোভিড-19 টিকার সুরক্ষা সম্পর্কিত কোনও ডেটা নেই। এর সত্ত্বেও বুকের দুধ পান করছে এমন শিশুর জন্য কোভিড-19 টিকাগুলোকে ঝুঁকি হিসেবে গণ্য করা হয় না এবং সন্তানকে বুকের দুধ খাওয়ানোর লাভগুলো খুবই ভালোভাবে জ্ঞাত। এই কারণে, জেসিভিআই সুপারিশ করেছে যে সন্তানকে বুকের দুধ খাওয়ানোর সময়কালে টিকা গ্রহণ করা যেতে পারে। এটা আমেরিকা এবং ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন-এর সুপারিশের অনুরূপ।

আমার জন্য এর অর্থ কী?

আপনার নিম্নবর্ণিত মূল বিষয়গুলো নিয়ে বিবেচনা করা উচিত:

- আপনি যদি গর্ভবতী হন তাহলে আপনার টিকা গ্রহণ করা উচিত নয় যদি না আপনি উচ্চ ঝুঁকিতে থাকেন - আপনার গর্ভাবস্থা পূরণ হওয়ার পর আপনাকে টিকা দেওয়া যেতে পারে
- যদি আপনি প্রথম ডোজ নেওয়ার পরে, গর্ভবতী হয়ে পড়েন, সেক্ষেত্রে আমরা দ্বিতীয় ডোজটি গর্ভাবস্থা পূরণ হওয়ার পর পর্যন্ত বিলম্বিত করার পরামর্শ দিই (যদি না আপনি উচ্চ ঝুঁকিতে থাকেন)

আপনি যদি গর্ভবতী হন কিন্তু আপনি মনে করেন যে আপনি উচ্চ ঝুঁকিতে রয়েছেন তাহলে আপনার অবশ্যই নিজের ডাক্তার বা নার্সের সঙ্গে টিকা গ্রহণ করা বা তার কোর্স পূরণ করার বিষয়ে আলোচনা করা উচিত।

যদিও টিকাকে গর্ভাবস্থায় পরীক্ষা করা হয়নি তবুও আপনি হয়তো সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন যে কোভিড-19 থেকে জ্ঞাত ঝুঁকিগুলো এতোটা স্পষ্ট যে আপনি টিকা গ্রহণ করতে চান। কোভিড-19 টিকা গ্রহণ করার পর গর্ভ ধারণ করার সম্ভাবনা এড়িয়ে চলার কোনও পরামর্শ দেওয়া হয় না।

যদি আপনি সন্তানকে বুকের দুধ খাওয়াচ্ছেন তাহলে আপনি হয়তো সন্তানকে বুকের দুধ খাওয়ানো শেষ করা পর্যন্ত অপেক্ষা করে তারপর টিকা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।

টিকাদান, সবচেয়ে দুর্বলদের রক্ষা করতে সহায়তা করে।